



জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নামেম)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নামেম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.naem.gov.bd



স্মারক নং. ৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০২১.(পার্ট-১)/১৬- ৬৬৪৫(৪০)

তারিখ: ৩০/০৬/২০২২ বঙ্গাব্দ
২৪/০৭/২০২২ খ্রিস্টাব্দ

বিষয়: ২৫তম সিনিয়র স্টাফ কোর্স অন এডুকেশন অ্যান্ড ম্যানেজমেন্ট (এসএসসিইএম)-এ অংশগ্রহণ
সূত্র: মাউশি/স্মারক নং- ৩৭.০২.০০০০.১১০.৪০.২৩২.২০১৫.৫৩১ তারিখ: ১৩/০৭/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে তাঁকে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নামেম)-এ আগামী ০৩ শ্রাবণ - ১৬ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ/১৮ জুলাই - ৩১ আগস্ট ২০২২ খ্রি. তারিখ পর্যন্ত অন্তিম ৪৫ (পঁয়তাল্লিশ) দিনব্যাপী ২৫ তম সিনিয়র স্টাফ কোর্স অন এডুকেশন অ্যান্ড ম্যানেজমেন্ট (এসএসসিইএম)-এ অংশগ্রহণের জন্য তিনি মনোনীত হয়েছেন। কোর্সে অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় তথ্য ও নির্দেশাবলি নিচে উল্লেখ করা হলো:

১. প্রশিক্ষণার্থীগণকে ১৮/০৭/২০২২ খ্রিস্টাব্দ তারিখ সকাল ০৯.০০ টায় প্রশাসনিক ভবনের নিচতলায় ওয়ান স্টপ সার্ভিস পয়েন্টে কোর্স কমিটির নিকট রিপোর্ট করতে হবে।
২. প্রশিক্ষণ কোর্সটি পুরোপুরি আবাসিক। প্রশিক্ষণ মেয়াদে নির্ধারিত সার্ভিস চার্জসহ নামেম হোস্টেলে অবস্থান বাধ্যতামূলক। কর্তৃপক্ষ হোস্টেলে ব্যবহার্য কক্ষ, জোয়ক, বাশিশ, মশারি ও চাদর সরবরাহ করবেন। এজন্য কোর্স শুরু পূর্বদিন অপরাহ্নে নির্ধারিত হোস্টেলে আবাসন সুবিধা গ্রহণ করতে পারবেন।
৩. যিনি ইতোপূর্বে এ প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন, তাঁর এই কোর্সে পুনরায় অংশগ্রহণের প্রয়োজন নেই।
৪. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর স্মারক নম্বর মাউশিপ্র/বা-ইউ/৫২৮০ তারিখ ১০-০১-৯৯ এবং ৩৭.০২.০০০০.১১০.১৮.৪১.২০১৬-২৬৫ তারিখ: ০৭/০৩/২০১৬খ্রি. অনুসারে মনোনীত কর্মকর্তাগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাৎক্ষণিক বিমুক্ত (Stand Release) বলে গণ্য হবেন। সুতরাং, গ্রহণযোগ্য কারণ ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।
৫. প্রশিক্ষণার্থীগণ শ্রেণিকক্ষের অধিবেশন ও নামেম ক্যান্টিনের অন্যান্য কর্মসূচিতে অফিসিয়াল পোশাক পরিধান করবেন।
৬. শরীরচর্চা ও খেলাধুলার সময় অবশ্যই পুরুষ প্রশিক্ষণার্থীগণকে সাদা রঙের স্পোর্টস ট্রাউজার ও কলার সম্বলিত ফুলহাতা গেঞ্জি, মোজা, কেডস এবং মহিলা প্রশিক্ষণার্থীগণকে সাদা রঙের সেলওয়ার-কামিজ এবং কেডস পরিধান করতে হবে।
৭. প্রত্যেক প্রশিক্ষণার্থীকে এক কপি জীবনবৃত্তান্ত, সদ্য তোলা পাসপোর্ট সাইজের তিন কপি ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও নিজ নিজ প্রতিষ্ঠানের ছাড়পত্র/ অনুমতিপত্র (প্রতিষ্ঠানের EIIN উল্লেখসহ) এবং নিজ নিজ পাসপোর্ট সাথে আনতে হবে।
৮. কোর্সের প্রাথমিক ব্যয় (আবাসন, খাবার ইত্যাদি) ও ব্যক্তিগত খরচ নির্বাহের জন্য প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কমপক্ষে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা সাথে রাখা প্রয়োজন। বৈদেশিক শিক্ষাসফর ব্যয় সম্পর্কে প্রশিক্ষণ চলাকালীন আলোচনার মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।
৯. কোর্সের অংশগ্রহণকারীগণ সরকারি বিধি মোতাবেক টিএ, ডিএ/ প্রশিক্ষণ ভাতা প্রাপ্য হবেন। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীকে এ অফিসে ভ্রমণ ও দৈনিক ভাতার বিল পেশ করতে হবে। উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অন লাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষণার্থীগণের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে। সেজন্য, সংযুক্ত ছক যথাযথভাবে পূরণ করে আনতে হবে।
১০. মনোনীত কর্মকর্তাগণকে অংশগ্রহণের সম্মতিপত্র আগামী ১৭/০৭/২০২২ খ্রি. তারিখ বিকেল ০৪.০০টার মধ্যে rbiulnaem@gmail.com ঠিকানায় প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হলো।
১১. জরুরি প্রয়োজনে কোর্স সমন্বয়ক, জনাব ষপন কুমার সাহা, প্রশিক্ষণ বিশেষজ্ঞ-এর (মুঠোফোন: ০১৬৭৩৯৯৭৬৫৩/ই-মেইল tsswapansaha.naem@gmail.com) সাথে যোগাযোগ করা যেতে পারে। কোর্স পরিচালনায় সহযোগিতার লক্ষ্যে এ পত্রের প্রাপ্তি নিশ্চিত করার জন্য উক্ত নম্বরে জানাতে/এসএমএস পাঠাতে অনুরোধ করা গেল।
১২. আমন্ত্রণপত্রসহ প্রশিক্ষণার্থীগণের তালিকা নামেমের ওয়েবসাইট-এ (www.naem.gov.bd) পাওয়া যাবে।
১৩. মনোনীত প্রশিক্ষণার্থী আগামী ১৭.০৭.২০২২ খ্রি. তারিখে নামেম ওয়েবসাইট www.naem.gov.bd-এর প্রশিক্ষণ সংক্রান্ত মেনুর অনলাইন রেজিস্ট্রেশন থেকে রেজিস্ট্রেশন ফর্ম পূরণপূর্বক কোর্সে যোগদান করবেন।

২৪/০৭/২০২২
(প্রফেসর ড. মোঃ নিজামুল করিম)
মহাপরিচালক, নামেম
e-mail: info@naem.gov.bd

প্রাপক :

নম্বর : ৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০২১.(পার্ট-১)/১৬/৬৬৪৫/৪০(২২)

তারিখ: ৩০/০৬/২০২২ বঙ্গাব্দ
২৪/০৭/২০২২ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি খেঁরিত হলো:

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, শিক্ষাভবন, ঢাকা
- ৩-৬. পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন/ প্রশিক্ষণ ও বাস্তবায়ন/ গবেষণা ও তথ্যায়ন/ প্রশাসন ও অর্থ, নামেম, ঢাকা
৭. অধ্যক্ষ,
৮. হোস্টেল সুপারিনটেনডেন্ট, শহীদ বুদ্ধিজীবী হোস্টেল, নামেম, ঢাকা
৯. কম্পিউটার প্রোগ্রামার, নামেম, ঢাকা (প্রশিক্ষণার্থীগণের তালিকা ও আমন্ত্রণপত্রটি নামেম ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ)
১০. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, নামেম, ঢাকা
১১. তথ্যায়ন কর্মকর্তা, নামেম, ঢাকা
১২. অফিস কপি

২৪/০৭/২০২২
(প্রফেসর এস এম রবিউল ইসলাম)
প্রশিক্ষণ বিশেষজ্ঞ
ও
কোর্স পরিচালক
১৯তম এসএসসিইএম